# পুঠিয়া পৌরসভা কার্যালয়

স্থাপিত-২০০১ খ্রিঃ
পুঠিয়া, রাজশাহী।
☎ঃ ০২৫৮৮৮৬৬৮৬৮৭
Email: puthiyapourasava@lgd.gov.bd

- আপনার শিশুকে টিকা দিন।
- আপনার সন্তানকে স্কুলে পাঠান।
- আপনার শহর পরিষ্কার রাখুন।
- নিয়মিত পৌর কর পরিশোধ করুন।
- ট্রেড লাইসেন্স নিয়ে ব্যবসা করুন।

স্মারক নং-৪৬.০২.৮১৮২.০০১.০১.০০১.২৪/৬৬৮ তারিখঃ ২২/০১/২০২৬ খ্রিঃ

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি-১/২০২৫-২০২৬ খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পুঠিয়া পৌরসভার নিম্ন তফসিলভুক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩৩ সনের ১লা (পহেলা) বৈশাখ হতে ৩০শে (ত্রিশ) চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্তে প্রকৃত হাট-বাজার ব্যবসায়ী ও ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। এবং প্রতিটি হাট-বাজারের জন্য বিস্তারিত শর্ত সম্বলিত প্রতি সেট সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) তফসিলের ০৬ (ছয়) নং কলামে বর্ণিত সময়সূচি মোতাবেক প্রতি কার্য দিবসে সংশ্লিষ্ট পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী, পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পুঠিয়া, সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, পুঠিয়া, সোনালী ব্যাংক পিএলসি, পুঠিয়া শাখা হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে। দরপত্র তফসিলের ০৭ (সাত) নং কলামে উল্লেখিত সময়সূচি অনুযায়ী পৌরসভা কার্যালয়, পুঠিয়া, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী, পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পুঠিয়া, সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, পুঠিয়া-এ রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের (যদি কেহ উপস্থিত থাকে) সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে। হাট-বাজার ইজারা নীতিমালা মোতাবেক ১ম বার কাঙ্খিত ইজারা মূল্য পাওয়া না গেলে তফসীলের ০৬ ও ০৭ নং কলামে বর্ণিত সময়সূচি মোতাবেক উপরে উল্লেখিত দপ্তরসমূহে দরপত্র কার্যক্রম অব্যাহত রাখা হবে। দরপত্র খোলার তারিখে কোন সিডিউল বিক্রয় করা হবে না।

"তফসিল" (হাট-বাজার ইজারার ক্যালেন্ডার)

| ক্রম নং | হাট-বাজারের নাম | বিগত ৩ বছরের গড় মূল্য | ১৪৩৩ সনের জন্য সরকারী ধার্য মূল্য | সিডিউলের মূল্য | সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত প্রতি কার্য দিবসে) | সর্বশেষ দরপত্র দাখিলের তারিখ সকাল ৯টা হতে বেলা ১টা পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ঝলমলিয়া হাট-বাজার | =৬০৪৫১৬৭.০০ | =৬০৪৫১৬৭.০০ | =১২৮০০.০০ | ১ম দফা ১৫/০২/২০২৬<br>২য় দফা ০৩/০৩/২০২৬<br>৩য় দফা ৩০/০৩/২০২৬ | ১ম দফা ১৬/০২/২০২৬<br>২য় দফা ০৪/০৩/২০২৬<br>৩য় দফা ৩১/০৩/২০২৬ | |
| ০২ | পুঠিয়া বাজার | =২১২০২৫.০০ | =২১২০২৫.০০ | =১২০০.০০ | | | |
| ০৩ | পুঠিয়া ত্রিমোহনী ও কাউন্সিল বাজার | =৬৫৩০০০.০০ | =৬৫৩০০০.০০ | =২০০০.০০ | | | |

## -ঃ বিশেষ শর্তাবলীঃ-

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, পুঠিয়া পৌরসভা, পুঠিয়া, রাজশাহী-এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮০% (শতকরা আশি ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যেকোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। বিভিন্ন সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা ইজারাদার মেনে নিতে বাধ্য থাকবেন।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০১/২০২৬
(পিন্টু দাশ)
প্রশাসক
পুঠিয়া পৌরসভা
ও
সহকারী কমিশনার (ভূমি)
পুঠিয়া, রাজশাহী